

ক্যান্টনমেন্ট বোর্ড
রংপুর সেনানিবাস



স্মারক নং-২৩.২২.৭০০৮.০০৩.৩০.১৪২.২০-৮২

তারিখ :-----

০৬ জুন, ২০২১ খ্রিঃ

“ক্যান্টনমেন্ট বোর্ড প্রাজার” দোকান/স্পেস ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর সেনানিবাসের ১নং এমপি চেকপোস্টের সামনে ঢাকা-দিনাজপুর মহাসড়কের পূর্বপার্শ্বে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক “ক্যান্টনমেন্ট বোর্ড প্রাজার” ১ম পর্যায় ১ম তলা হতে ৩য় তলা পর্যন্ত শপিং কমপ্লেক্সে বিভিন্ন আয়তনের মোট ২৬১টি দোকান/স্পেস ইজারা প্রদান করা হবে :

ক্র/নং	তলা	দোকান নম্বরসমূহ	দোকান সংখ্যা	দোকানের সাইজ ও সর্বনিম্ন দর
০১	১ম (গ্রাউন্ড ফ্লোর)	১০১-১৬২, ১৬৬, ১৬৬, ১৭৯-১৯৮	৮৭ টি	দোকানের সর্বনিম্ন দর ও সাইজ ক্রশিয়ার থেকে পাওয়া যাবে
০২	২য়	২০১-২৬২, ২৬৬, ২৭০-২৭২, ২৭৬, ২৭৯-২৯৮	৮৭ টি	
০৩	৩য়	৩০১-৩৬২, ৩৬৬, ৩৭০-৩৭২, ৩৭৯-৩৯৮	৮৭ টি	

০২। দোকান/স্পেস সমূহের বিস্তারিত বিবরণ ও দর দাখিলের নিয়মাবলী সম্বলিত সিডিউল নগদ ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডের হিসাব শাখা রংপুর সেনানিবাস হতে সংগ্রহ করা যাবে। “ক্যান্টনমেন্ট বোর্ড প্রাজার” দোকান/স্পেস ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসমূহ ও সময়সূচী অনুযায়ী সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে :

দরপত্রের পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ	দরপত্র ফরম দাখিলের তারিখ, সময় ও স্থান	দরপত্র বাস্তব খোলার তারিখ, সময় ও স্থান
২য় পর্যায়	০৬/০৬/২১ - ১০/০৬/২১	১১/০৬/২১, বেলা ১২.০০ ঘটিকা	১১/০৬/২১, বেলা ১২.৩০ ঘটিকা
৩য় পর্যায়	১৩/০৬/২১ - ২৮/০৬/২১	২৯/০৬/২১, বেলা ১২.০০ ঘটিকা	২৯/০৬/২১, বেলা ১২.৩০ ঘটিকা
৪র্থ পর্যায়	৩০/০৬/২১ - ১৩/০৭/২১	১৪/০৭/২১, বেলা ১২.০০ ঘটিকা	১৪/০৭/২১, বেলা ১২.৩০ ঘটিকা
৫ম পর্যায়	১৫/০৭/২১ - ১৬/০৮/২১	১৭/০৮/২১, বেলা ১২.০০ ঘটিকা	১৭/০৮/২১, বেলা ১২.৩০ ঘটিকা

- ০৩। দরপত্রসমূহ অফিস চলকালীন সময়ে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে। এক নামে একাধিক দোকানের জন্য দরপত্র ক্রয় করা যাবে। তবে যে নামে দরপত্র ক্রয় করা হবে সেই নামেই দরপত্র দাখিল করতে হবে। উল্লেখিত তারিখ ও সময়ের মধ্যে অত্র দপ্তরে সংরক্ষিত দরপত্র বাস্তব দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- ০৪। ক্রশিয়ারে ফ্লোরের পার্শ্বে উল্লেখিত দরের কম দর প্রদানকারীর দরপত্র গ্রহণ/আবেদন করার প্রয়োজন নাই।
- ০৫। দরপত্রের সাথে আর্নেস্টম্যানি হিসেবে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোন সিডিউল ব্যাংক হতে “ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, রংপুর সেনানিবাস” এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- ০৬। দোকান/স্পেস ইজারা প্রাপ্তির জন্য দাখিলকৃত দর প্রচলিত বিধি-বিধানের আলোকে নিষ্পত্তি করা হবে। একই দোকান/স্পেস এর দাখিলকৃত দরসমূহ সমান হলে লটারীর মাধ্যমে ইজারা গ্রহীতা নির্ধারণ করা হবে।
- ০৭। দরপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), চারিত্রিক সনদপত্র (সংশ্লিষ্ট চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত), নাগরিকত্ব সনদ (সংশ্লিষ্ট চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) সংযুক্ত করতে হবে। দরপত্রে খামের উপর তলা ও দোকান নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখিত কাগজপত্র ও জামানতের আর্নেস্টম্যানি হিসেবে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৮। দরপত্রে উদ্ধৃত দরের উপর সরকারি বিধি মোতাবেক উৎস কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- ০৯। কোন দোকান/স্পেস এর প্রদত্ত দর ১ম দরপত্রে সন্তোষজনক না হলে ২য় পর্বে ঐ দোকান/স্পেস এর দরপত্র গ্রহণ করা হবে। কোন পর্বে প্রদত্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্বে ঐ দোকান/স্পেস এর নম্বর/নাম বাদ যাবে।
- ১০। প্রাথমিক ইজারা গ্রহণের পর থেকে যে কোন পর্যায় ইজারা গ্রহীতা দোকান/স্পেস গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে আর্নেস্টম্যানি হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ১১। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদন হওয়া সাপেক্ষে পত্রজারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মোট মূল্যের ৩০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে; ব্যর্থতায় জামানত বাজেয়াপ্ত হবে। অবশিষ্ট টাকা সমান ০২ (দুই) কিস্তিতে ০৪ (চার) মাস অন্তর অন্তর নির্ধারিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে। তবে উক্ত দোকানের পজিশন বুকে নেওয়ার পূর্বে প্রাপ্ত অবশিষ্ট টাকা (যদি থাকে) ও সরকার কর্তৃক আরোপিত ভ্যাট ও অন্যান্য কর এককালীন পরিশোধ করতে হবে।
- ১২। বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড ও শীতল কমিউনিটি সেন্টার সংলগ্ন প্রকল্প অফিস হতে অফিস চলকালীন সময়ে জানা যাবে।
- ১৩। ক্যান্টনমেন্ট বোর্ডের সর্বশেষ প্রণীত নীতিমালা অনুযায়ী দোকান বরাদ্দ/নবায়ন/ভাড়া ইত্যাদি পরিচালিত হবে।
- ১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৩/০৬/২১

(মোহঃ আলিয়া ফেরদৌস জাহান)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
রংপুর সেনানিবাস।